



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১-১০৪

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: আব্দুল মতিন, চেয়ারম্যান, উমারপুর ইউনিয়ন পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ-কে ভিজিডি কার্ডধারীদের মাঝে চাল বিতরণে অনিয়ম, ভিজিডি কার্ডধারী উপকারভোগীদের প্রতিমাসে ২০০/- (দুইশত) টাকা ব্যাংকে জমা না করে আরো অতিরিক্ত ৫০ (পঞ্চাশ) টাকা সঞ্চয় আদায়ে অনিয়ম, জেলেদের মাঝে ভিজিডি কার্ডের চাল বিতরণে অনিয়ম, ২০১৯-২০২০ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় শ্রমিকদের মাথাপিছু সঞ্চয়কৃত ১০০০/- (এক হাজার) টাকা উত্তোলন, চেকের পিছনে সনাক্তকারী ইউপি সদস্যগণের স্বাক্ষর জালিয়াতি, ইউপি সদস্যগণের নামে সঞ্চয় হিসেবে জমাকৃত ১০০০/- টাকা ব্যাংকের লুজ চেকের মাধ্যমে চেকের সামনে ও পিছনে ভূয়া টিপ স্বাক্ষরের মাধ্যমে টাকা উত্তোলনপূর্বক আত্মসাত, ব্যাংক কর্তৃপক্ষের সাথে যোগসাজসে সরকারি বিধি-বিধান তোয়াক্কা না করে নির্ধারিত সময়ের পূর্বেই ব্যাংক থেকে টাকা উত্তোলন এর অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৫ জানুয়ারি, ২০২১ তারিখের ১০৩ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৫/১/২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল: up1lgd@gmail.com

জনাব মো: আব্দুল মতিন
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), উমারপুর ইউনিয়ন পরিষদ
চৌহালী, সিরাজগঞ্জ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।